

ANNEXURE-A

লেখক

স্বাক্ষর

আপনার নাম পত্তনে আমাদের সম্পূর্ণ সম্মতি দেওয়া রহিল। তথাপি যদি কোনও সহি বা সাহায্যের প্রয়োজন হয় তাহাও আমরা মায় ওয়ারিশন ও স্থলাভিষিক্তগণ ক্রমে করিয়া দিতে স্বীকৃত ও বাধ্য রহিলাম। প্রকাশ থাকে যে, নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমরা ইতিপূর্বে কখনও কাহাকেও বিক্রয় বা কোনপ্রকার হস্তান্তর করি নাই বা করা নাই বা কোন সরকারী আধাসরকারী সংস্থা কর্তৃক অধিগৃহত হয় নাই বা অধিগ্রহন করা হইবে এই মর্মে কোনওরূপ নোটিশ অদ্যাবধি পাই নাই বা ক্রোকবন্ধ, চার্জযুক্ত বা অপর কাহারও বাবদ জামিনে আবদ্ধ নাই বা অপর কাহাকেও বিক্রয় করিব বলিয়া কোনও লিখিত বা মৌখিক চুক্তি করি নাই বা করা নাই। তপশীলোক্ত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ থাকাবস্থায় আপনাদের বিদ্যালয়কে বিক্রয় করিলাম এবং বিক্রীত সম্পত্তিতে অদ্যই আপনাদের খাস দখলে প্রতিষ্ঠিত করিলাম। যদি ভবিষ্যতে আমাদের কতৃকর্মের দোষে আপনাদের স্বত্বদখলে কোনও প্রকার বাধা বিঘ্ন ঘটে বা উপস্থিত হইয়া আপনার খরিদা তপশীল বর্ণিত সম্পত্তির বা ইহার কোনও অংশের দখল স্বত্বাংশের কোনও প্রকার বাধা বিঘ্ন ঘটে তাহা আমরা মায় ও ওয়ারিশানে ও স্থলাভিষিক্তগণ ক্রমে নিজ ব্যায়ে উদ্ধার করিয়া দিতে বাধ্য রহিলাম ও রহিল। আর যদি না পারি তাহা হইলে মূল্যের সমূহ টাকা মায় ক্ষতিপূরণ সহ এককালিন নগদে আপনাদের আদায় দিতে আমরা মায় ওয়ারিশনে বাধ্য রহিলাম ও রহিল। স্বত্বাদি নির্মূল করিবার জন্য ভবিষ্যতে কোনও প্রকার সংশোধনী দলিল করিয়া দিবার প্রয়োজন হইলে তাহাও করিয়া দিতে আমরা মায় ওয়ারিশানে বাধ্য রহিলাম বা রহিল।

এতদর্থে সুস্থ শরীরে সরলমনে অন্যের বিনা প্ররোচনায় অত্র দলিলে লিখিত বিবরণ সকল পাঠান্তে মর্ম সকল অবগতে নিম্ন স্বাক্ষরকারীগণ সাক্ষীগণের সম্মুখে পন মূল্যের টাকা এককালিন নগদে গ্রহনান্তে অত্র সাফ বিক্রয় কোবালাপত্র সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি তারিখ বাংলার ১৪১৭ সালের ১৩ ই শ্রাবণ ইংরাজী ২০১০ সালের ৩০ শে জুলাই।

-ঃ তপশীল :-

জেলা- বর্ধমান, থানা- জামালপুর, এ. ডি. এস. আর. অফিস জামালপুর সামিল আবুঝাটা ১ নং পঞ্চায়েতের অন্তর্গত মৌজা পাঁচশিমূল জে. এল. ১০৭ নং।
তৌজি হাল ১৬ নং। খতিয়ান নং- ৪৬৪/১ প্রজাস্বত্ব সাবেক দাগ ৩১৯ (তিন শত

Asis K. Das



29 SEP 2010

ক্রমশ...৪